

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০

www.bb.org.bd

১৩ জ্যৈষ্ঠ ১৪২১

তারিখ : -----

২৭ মে ২০১৪

সার্কুলার পত্র নং-এফইপিডি(এএন্ডএনএফবিপি)/১১৮/২০১৪-১০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংক  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

নন-রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাব খোলা সংক্রান্ত নির্দেশনা।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রাঞ্জাকশন্স, ২০০৯ (ভলিউম-১) এর ১৩ অধ্যায়ের সেকশন-II, ১৫ অনুচ্ছেদ অনুযায়ী নন-রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাবের গ্রাহক কর্তৃক বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত (Appendix 5/69 অনুযায়ী পূরণকৃত) ফরমের মাধ্যমে এডি ব্যাংকে হিসাব খোলার আবেদন করার এবং ফরমের সাথে বিদেশস্থ বাংলাদেশ মিশন বা এডি ব্যাংকের পরিচিত কোন ব্যাংক বা ব্যক্তি কর্তৃক সত্যায়িত গ্রাহকের ১ সেট নমুনা স্বাক্ষর দাখিল করার নির্দেশনা রয়েছে।

এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন হতে Appendix 5/69 পূরণের কোন আবশ্যিকতা নেই। তবে বিদেশস্থ বাংলাদেশ মিশন বা এডি ব্যাংকের পরিচিত কোন ব্যাংক বা ব্যক্তি কর্তৃক সত্যায়িত গ্রাহকের ১ সেট নমুনা স্বাক্ষর গ্রহণ অব্যাহত রেখে প্রচলিত হিসাব খোলার আবেদন পত্রের মাধ্যমেই উল্লিখিত হিসাব খোলা যাবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০